

শালবনি কারখানার জন্য বিদ্যুতের টাওয়ার বসানো নিয়ে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, কাড়গ্রাম, ১২
এপ্রিল— শালবনিতে জেএসডব্লিউ
সিমেণ্ট প্রকল্পে বিদ্যুৎ নিয়ে যাওয়ার
কাজ করছে রাজ্য সরকার। যেখানে
যেখানে বিদ্যুতের টাওয়ার তৈরি হবে
সেই সমস্ত জমির মালিকদের সঙ্গে
আলোচনার মাধ্যমে জমি কেনা হয়েছে
এবং টাওয়ার নির্মাণের কাজও চলছে।
কিন্তু বুধবার কিছু কৃষক ও গাইঘাটা
গ্রামের মানুষরা বিক্ষোভ দেখায়।
তাদের দাবি, যে সমস্ত জমিতে বিদ্যুতের
টাওয়ার হচ্ছে সেই জমি ছাড়াও যে
সমস্ত জমির উপর দিয়ে বিদ্যুতের তার
যাবে (যদিও তা জমির থেকে অনেক
উপরে) সেই জমির মালিকদেরও টাকা
দিতে হবে। ওখানে শালবনি পঞ্চায়েত
সমিতির সভাপতি নেপাল সিং যান
এবং কৃষকদের সঙ্গে আলোচনা করেন
এবং পরে বসে সমস্যা মেটানোর
আশ্বাস দেন। প্রসঙ্গত উল্লেখ্য, বুধবার
জিন্দালদের কারখানা পরিদর্শনে আসেন
সঙ্কল জিন্দালের পুত্র পার্থ জিন্দাল।